**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ কম মূল্যের BHIM–UPI লেনদেনের প্রচারের জন্য একটি উৎসাহ প্রকল্প অনুমোদন করেছে।**

**(২) পুর মেয়র দীপক মজুমদার আজ মঙ্গলকাব্য ও পুঁথি–পাঁচালী উৎসবের উদ্বোধন করেন |**

**(৩) সুনীতা উইলিয়ামস এবং তাঁর সঙ্গীদের মহাকাশ থেকে নিরাপদে ফিরে আসার জন্য নাসা দলকে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিনন্দন জানিয়েছেন।**

**(৪) উত্তর পূর্বাঞ্চলের প্রথম মহিলা দাবাড়ু হিসেবে মহিলা ক্যান্ডিডেট মাস্টার নর্ম পেলেন রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস।**

**(৫) আগামী ২১ থেকে ২৩শে মার্চ আগরতলা উমাকান্ত স্কুল সংলগ্ন মাঠে রাজ্য ভিত্তিক ক্রীড়া প্রতিভা কর্মসূচি অনুষ্ঠিত হবে।**

****************************************

**BHIM–UPI :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা আজ কম মূল্যের BHIM–UPI লেনদেনের প্রচারের জন্য একটি উৎসাহ প্রকল্প অনুমোদন করেছে। এই প্রকল্পটি আনুমানিক এক হাজার ৫০০ কোটি টাকা ব্যয়ে বাস্তবায়িত হবে। কেন্দ্রীয় মন্ত্রিসভার সিদ্ধান্ত সম্পর্কে আজ নতুনদিল্লিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সাংবাদিকদের বলেন, এই প্রকল্পটি ক্ষুদ্র ব্যবসায়ীদের কোনও অতিরিক্ত খরচ ছাড়াই UPI পরিষেবা গ্রহণের সুযোগ করে দেবে। তিনি বলেন, ক্ষুদ্র

ব্যবসায়ীদের দুই হাজার টাকা পর্যন্ত লেনদেনের জন্য প্রতি লেনদেন মূল্যের ০.১৫ শতাংশ হারে প্রণোদনা বা উৎসাহ ভাতা প্রদান করা হবে।

###### Byte-Ashwini Vaishnaw######

****************************

**Mangal Kabya o Puthi-Pachali Path Utsav-2025 :**

পুর মেয়র দীপক মজুমদার বলেছেন রাজ্যের ঐতিহ্যবাহী কৃষ্টি ও সংস্কৃতি বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরতে মঙ্গলকাব্য ও পুঁথি-পাঁচালী পাঠের আয়োজন আজকের দিনে অত্যন্ত প্রাসঙ্গিক। আজ তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে যোগেন্দ্রনগর বনকুমারী সমর স্মৃতি ভবনে রাজ্যভিত্তিক মঙ্গলকাব্য ও পুঁথি-পাঁচালী উৎসব-২০২৫ এর উদ্বোধন করে একথা বলেন তিনি। লোক সংস্কৃতিকে বাঁচিয়ে রাখতে এবং এই সংস্কৃতির চর্চা এবং প্রসার ঘটানোর বিষয়ে গুরুত্ব আরোপ করেন তিনি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, সমাজসেবী স্বপ্না দাস সহ অন্যান্যরা। অনুষ্ঠানে এলাকার ১০ জন মহিলাকে গৃহলক্ষ্মীর সম্মাননা দেওয়া হয়।

****************************

**Tourism mohanpur :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, মোহনপুর মহকুমার মোহিনীপুরে ইকো ট্যুরিজম পার্ক গড়ে তোলা হবে। মন্ত্রী শ্রী চৌধুরী ও বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ প্রস্তাবিত এই পার্কের জন্য আজ জমি পরিদর্শন করেন। ইকো ট্যুরিজম পার্ক গড়ে তুলতে ৩২ কানি জমি চিহ্নিত করা হয়েছে।

*****************************

**Press Meet Tinku Roy :**

আগামী ২৩শে মার্চ আগরতলায় বিধানসভা ভবনে বিকশিত ভারত ইয়ুথ পার্লামেন্ট প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। রাজ্যের সবকটি জেলা থেকে নির্বাচিত ৪০ জন প্রতিযোগী ইয়ুথ পার্লামেন্ট প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবেন। যুব বিষয়ক ও ক্রীড়া টিঙ্কু রায় আজ সচিবালয়ে সাংবাদিক

সম্মেলনে এখবর জানান। তিনি বলেন, এই প্রতিযোগিতায় প্রথম ৩ জন সংসদ ভবনে জাতীয় যুব সংসদে অংশ গ্রহণ করবে।

এদিকে, বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজে দুই দিন ব্যাপী জেলা ভিত্তিক বিকশিত ভারত যুব সংসদ প্রতিযোগিতা আজ শেষ হয়েছে। এই প্রতিযোগীতা থেকে ১০ জনকে রাজ্যস্তরের যুব সংসদের জন্য নির্বাচিত করা হয়।

****************************

**NIT AGARTALA Acad – Conclave :**

এন আই টি আগরতলা এবং আই আই আই টি আগরতলার যৌথ উদ্যোগে এন আই টি আগরতলায় দুই দিনের শিল্প কারিগরি ভিত্তিক শিক্ষা মূলক আলোচনাসভা আই.টি.এ কনক্লেভ ২০২৫ আজ শেষ হয়েছে। আজ সমাপ্তি অধিবেশনে আই আই আই টি আগরতলার অধিকর্তা ড: অভয় কুমার বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিকশিত ভারতের স্বপ্ন পুরনের উদ্দেশ্যে এই ধরনের শিল্প কারিগরি ভিত্তিক শিক্ষা মূলক কর্মসূচীর আয়োজন। কনক্লেভের মুখ্য উপদেষ্টা অধ্যাপক শুভ্রকমল দত্ত বলেন, এন আই টি আগরতলায় এই ধরনের কনক্লেভের আয়োজনে সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের স্বার্থের দিকে লক্ষ্য রেখে করা হয়েছে। এর আগে আকাশবাণী আগরতলা সঙ্গে এক সাক্ষাত্কারে এন আই টি আগরতলার অধিকর্তা অধ্যাপক শরত কুমার পাত্র বলেন, এ ধরনের উদ্যোগ উত্তর-পূর্বাঞ্চলের বহু ছাত্রছাত্রীর শিল্প ক্ষেত্রে কর্ম সংস্থানের সুযোগ তৈরী করবে।

********************************

**Awareness Campaign :**

কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্প, পি এম-বিশ্বকর্মা রাজ্য সরকারের স্বাবলম্বন প্রকল্প ইত্যাদি নিয়ে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। শিল্প ও বাণিজ্য দপ্তর আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Sunita Williams :**

সুনীতা উইলিয়ামস এবং তাঁর সঙ্গীদের মহাকাশ থেকে নিরাপদে ফিরে আসার জন্য নাসা দলকে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন যে ভারতের কন্যা সুনীতা উইলিয়ামস এবং তাঁর সহকর্মী মহাকাশচারীরা তাদের অধ্যবসায়, নিষ্ঠা এবং কখনও হার না মানার মনোভাব দিয়ে সকলকে অনুপ্রাণিত করেছেন।

প্রধানমন্ত্রী ভারতীয় বংশোদ্ভূত সুনীতা উইলিয়ামস্ ও তাঁর সঙ্গীদের অভিনন্দন জানিয়ে এক শুভেচ্ছা বার্তায় বলেন, তাদের সাহসিকতা এবং অধ্যবসায় মহাকাশ অভিযানের ক্ষেত্রে নতুন ইতিহাস তৈরি করেছে। তিনি বলেন, মানুষের সম্ভাবনা, স্বপ্ন এবং যাবতীয় বাধা অতিক্রম করে নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছনোর বিষয়গুলি মহাকাশ অভিযানের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। সুনীতা উইলিয়ামস বারংবারই নিজেকে এক্ষেত্রে প্রমাণ করেছেন। চরম

অনিশ্চয়তার মধ্যেও তিনি এবং তাঁর সঙ্গে থাকা মহাকাশচারীরা যেভাবে দৃঢ় প্রত্যয়ের সঙ্গে কাজ করে গেছেন, তা প্রজন্মের পর প্রজন্ম ধরে মানুষের কাছে অনুসরণযোগ্য হয়ে থাকবে। এদের নিরাপদে পৃথিবীতে ফেরানোর কাজে যাঁরা যুক্ত, তাঁরা সবার গর্ব বলে প্রধানমন্ত্রী বার্তায় উল্লেখ করেছেন।

****************************

**Indian Space Station :**

প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং বলেছেন ভারত, ভারত অন্তরীক্ষ স্টেশন নামে একটি মহাকাশ স্টেশন তৈরির পরিকল্পনা করেছে এবং যদি সবকিছু ঠিকঠাক থাকে তবে ২০৪০ সালের মধ্যে একজন ভারতীয় মহাকাশচারী চাঁদে যাবেন। আজ লোকসভায় সম্পূরক প্রশ্নের উত্তরে তিনি একথা বলেন। তিনি বলেন, চন্দ্রযান-৪ দুটি উৎক্ষেপণ যানের মাধ্যমে উৎক্ষেপণ করা হবে এবং এর পাঁচটি উপাদান থাকবে।

#######Byte- Dr. Jitendra Sing#######

নির্বাচিত চারজন গগনযান মহাকাশচারীকে কেন জনসাধারণের দৃষ্টির আড়ালে রাখা হয়েছে, এই প্রশ্নের উত্তরে শ্রী সিং বলেন, তাদের যাতে চিত্ত বিক্ষেপ না ঘটে, সেজন্য এটি করা হয়েছে। তিনি আরও বলেন যে, এই বছরের শেষ নাগাদ একটি মহিলা রোবট নিয়ে গগনযানের পরীক্ষামূলক উড্ডয়ন শুরু হবে।

*******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO.

1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*****************************

**Sara Bharat Krishak Sobha :**

সারা ভারত কৃষক সভার পক্ষ থেকে ৮ দফা দাবিতে আজ আগরতলা শহরে মিছিলের পর জল সম্পদ দপ্তরে ডেপুটেশন প্রদান করা হয়। এই কর্মসূচিতে নেতৃত্ব দেন সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর।

***************************

**Cycle Rally :**

নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুসারে এক বাইসাইকেল রেলি আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহরে অনুষ্ঠিত হয়। নির্বাচন নিবন্ধন আধিকারিক তথা কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার জানান, ভোটদানে নাগরিকদের উৎসাহিত করতে এবং সমস্ত প্রাপ্তবয়স্করা যাতে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করেন এই প্রচারের জন্যই আজকের কর্মসূচি।

****************************

**Arshiya :**

উত্তর পূর্বাঞ্চলের প্রথম মহিলা দাবাড়ু হিসেবে মহিলা ক্যান্ডিডেট মাস্টার নর্ম পেলেন রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস। আন্তর্জাতিক দাবা ফেডারেশন থেকে এই নর্ম দেয়া হয়েছে। এর আগে পুরুষ বিভাগে রাজ্যের প্রসেঞ্জিৎ দত্ত এই নর্ম পেয়েছিলেন। বর্তমানে অর্শিয়ার আন্তর্জাতিক রেটিং ২১৭০। রাজ্যের এই তারকা দাবাড়ু জানান, আগামীদিনে রাজ্যের প্রথম মহিলা গ্র্যান্ডমাস্টার হওয়া তার লক্ষ্য।

*****************************

**Sports Talent Search :**

আগামী ২১ থেকে ২৩শে মার্চ আগরতলা উমাকান্ত স্কুল সংলগ্ন মাঠে রাজ্য ভিত্তিক ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি অনুষ্ঠিত হবে। ক্রীড়া মন্ত্রী টিংকু রায় এখবর জানান। তিনি বলেন, স্কুল স্তরে ক্রীড়া বিষয়ে যাদের দক্ষতা রয়েছে তাদের প্রতিযোগিতার মাধ্যমে বাছাই করা হবে। পরে বাছাই প্রতিভাদের প্রশিক্ষণের মধ্য দিয়ে আগামীদিনের জন্য তৈরী করা হবে। ব্লক স্তর থেকে জেলা স্তর পর্যন্ত এই প্রক্রিয়া ইতিমধ্যেই শেষ হয়েছে। জেলার বাছাই প্রতিভাদের রাজ্য আসরে অংশ নেবে। ক্রীড়া মন্ত্রী আরো জানান, প্রতিভবান খেলোয়াড়েরা স্পোর্টস স্কুল, সাই সেন্টার সহ ক্রীড়া দপ্তর ও ক্রীড়া পর্ষদের বিভিন্ন সেন্টারে নিয়মিত উন্নত প্রশিক্ষন নিতে পারবে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর ঊনকোটি এবং ধলাই জেলায় বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস।

************************************